

দিয়ে গেনু বসন্তের এই গানখানি—

বরষ ফুরায়ে যাবে, ভুলে যাবে জানি ॥

তবু তো ফাল্গুনরাতে এ গানের বেদনাতে

আঁখি তব ছলোছলো, এই বহু মানি ॥

চাহি না রহিতে বসে ফুরাইলে বেলা,

তখন চলিয়া যাব শেষ হবে খেলা ।

আসিবে ফাল্গুন পুন, তখন আবার শুনো

নব পথিকেরই গানে নূতনের বাণী ॥

Parjaay: Prem, Taal: Kaharwa, Style: Behag-Kirtan

Visit www.geetabitan.com for notation and other detail